রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ১৭, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নং গৃগম/পরি-১(১২)/২০০৭(অংশ-২)/৫৮৬।—যেহেতু Khulna Development Authority Ordinance, 1961 (Ord. No. 11 of 1961) এর Section 22 এর Sub-Section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার খুলনা মাস্টার প্ল্যান-২০০১ এলাকার জন্য ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান প্রজ্ঞাপনের মাধ্যমে গেজেট আকারে প্রকাশ করিয়াছে; এবং

যেহেতু, উক্ত Ordinance এর Section 22 এর Sub-Section (4) এ নির্ধারিত সময়ের মধ্যে খুলনা মাস্টার প্ল্যান-২০০১ এলাকার জন্য প্রণীত ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান বা উহার কোন অংশবিশেষের উপর কোন ক্ষতিগ্রস্ত বা অন্য কোন ব্যক্তির আপত্তি থাকিলে উহা দাখিলের জন্য প্রকাশিত গেজেটে আহবান করা হইয়াছিল; এবং

যেহেতু, সরকার উক্ত Ordinance এর Section 22 এর Sub-Section (3) এ নির্ধারিত সময়ের মধ্যে দাখিলকৃত আপত্তি বিবেচনা করিয়া প্রণীত খুলনা মাস্টার প্ল্যান-২০০১ এলাকার জন্য ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান অনুমোদন করিয়াছে;

সেহেতু, উক্ত Ordinance এর Section 23 এর Sub-Section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্দ্বারা ঘোষণা করিল যে, খুলনা মাস্টার প্ল্যান-২০০১ এলাকার জন্য ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান একটি চূড়ান্ত দলিল, যাহা যথাযথভাবে প্রস্তুতকৃত ও অনুমোদিত এবং অতঃপর উক্ত Ordinance এর Section 24 এর অধীন প্রদত্ত অনুমতি ব্যতিরেকে কোনো ব্যক্তি উক্ত খুলনা মাস্টার প্ল্যান-২০০১ এলাকার জন্য ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান এ বর্ণিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে উহার কোন এলাকা ব্যবহার করিলে তা বৈধ হইবে না।


মূল্য : টাকা ৪.০০

অনুমোদিত খুলনা মাস্টার প্ল্যান-২০০১ এলাকার জন্য ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান এর কপি খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অফিস ভবনের নীচতলায় জনসাধারণের অবলোকনের সুবিধার্থে সংরক্ষিত রহিয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অনিমেষ সোম**
সিনিয়র সহকারী প্রধান।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd